সমকাল

তারিখ ... 27 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

# দুই মাস ধরে শিক্ষক হাজিরা খাতা ফাঁকা!

■ মাদারগঞ্জ (জামালপুর) প্রতিনিধি

মাদারগঞ্জ সরকারি আর এ রওশনারা মাধ্যমিক বিদ্যালয়ে ৯ জন শিক্ষক অনুপস্থিত। নির্ধারিত সময়ে শ্রেণিকক্ষে আসেন না তারা। তারা গত দুই মাস শিক্ষক হাজিরা খাতায় স্বাক্ষরও করেননি।

সরেজমিন দেখা যায়, বেলা ১১টায় দিকে স্কুলের শিক্ষার্থীরা ঘোরাফেরা করছে। অষ্টম শ্রেণির ছাত্রী শাকিলা জানায়, স্যাররা আসেনি, তাই ঘোরাফেরা করছি। ১১টায় স্যার আসবেন, এর পর ক্লাস শুরু হবে। সব স্যার প্রতিদিন আসেন না, তাই পড়াশোনার সমস্যা হয়।

শিক্ষক মিলনায়তনে গিয়ে দেখা যায়, সহকারী ধর্মীয় শিক্ষক মাওলানা মুনছুর ব্যতীত ৯ জন শিক্ষকের চেয়ার খালি পড়ে আছে। এ সময় তিনি বলেন, শিক্ষকদের অনেক দূর থেকে স্কুলে যাতায়াত করতে হয়, তাই আসতে একটু দেরি হয়।

প্রধান শিক্ষক আমিনুল ইসলাম শিক্ষক হাজিরা খাতা খালি প্রসঙ্গে বলেন, ইতিপূর্বে শিক্ষকদের হাজিরা খাতায় স্বাক্ষর করার জন্য মৌখিকভাবে বলার পরও কোনো অগ্রগতি না দেখে নোটিশের মাধ্যমে জানানো হয়েছে। সহকারী শিক্ষক মুনছুর রহমান, নাজমা আক্তার, আবুল কাশেম, রেজাউল, শহিদুল্লাহ, জিয়াউর, মাহবুব আলম, তাজুল ইসলাম, আশরাফুল ইসলামসহ শিক্ষকরা কেউ দুই মাসের মধ্যে হাজিরা খাতায় স্বাক্ষর করেননি।

**সরকারি আর এ রওশনারা বিদ্যালয়**

সহকারী শিক্ষক শহিদুল্লাহ স্কুলে না আসার কারণ প্রসঙ্গে বলেন, তিনি প্রধান শিক্ষকের কাছ থেকে ছুটি নিয়েছেন। এদিকে প্রধান শিক্ষক জানান, তিনি তার কাছ থেকে ছুটি নেননি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, তিনি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় তদারকি করেন। সরকারি বিদ্যালয় দেখভাল করার দায়িত্ব তার নেই। সরকারি বিদ্যালয় দেখাশোনা করেন ডিডি। ডিডি এসএম আ. খালেকের মোবাইল ফোন বন্ধ থাকায় তার বক্তব্য পাওয়া যায়নি।